

১২৬. “বাংলা হবে ইতালি”

শুন বন্ধু তোমাকে বলি  
সাবধান হও সকলে  
জোড়ায় জোড়ায় ঈদ আনন্দে  
করোনায় বাংলা হবে ইতালি।

ঈদের ছুটি কাটাতে ঢাকা-নারায়নগঞ্জ হতে  
আসছে করোনা সারে সারে-  
ঈদ আনন্দ ভাগাভাগি করতে  
করোনা বাড়ছে জ্যামিতিক হারে।

গ্রাম থেকে শহরে শহর থেকে গ্রামে  
করোনা এখন বাড়ছে নতুন জনে জনে  
কেউ গান গায়,কেউ পান করে ঠান্ডা পানি  
এভাবে করোনা বেড়ে হচ্ছে মহামারী।

যদি এখনো সতর্ক না হই  
তবে আর বেশী নয়  
সোনার বাংলা ইতালী হবে  
জানিবে তুমি নিশ্চয়।